গাংনীতে বিএনপি – ছাত্রলীগ হামলা পাল্টা হামলায় শহর রণক্ষেত্র

গাংনী উপজেলা বিএনপি ও ছাত্রলীগের মধ্যে হামলা পাল্টা হামলার ঘটনায় উপজেলা শহর এখন রণক্ষেত্রে পরিণত হয়েছে।
বিএনপির অফিসে ব্যাপক ভাংচুর। পুলিশ মোতায়েন।

বেলা ১২ টার দিকে উপজেলা ও পৌর বিএনপি অফিসে বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে বৈঠক চলছিল। এসময় ছাত্রলীগের একটি মিছিল গাংনী সরকারী ডিগ্রী কলেজ থেকে শুরু হয়ে এসে বিএনপি অফিসে হামলা চালায়।

এসময় বিএনপি অফিস থেকে এ হামলার প্রতিরোধ গড়ে তুলতে দেশীয় তৈরী অস্ত্র ও লাঠি শোঠা নিয়ে ছাত্রলীগের উপর প্রতিরোধ করে। এসময় ছাত্রলীগের নেতা কর্র্মীরা দিকবিদিক ছুটে পালিয়ে যায়।

এসময় গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি বিরাট ইউনিট উপজেলা শহরে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। পরে ছাত্রলীগগের নেতা কর্মীরা আবারো জড় হয়ে এসে বিএনপি অফিসে ব্যাপক হামলা চালায়। বিএনপির অফিসের সাইনবোর্ড ছিড়ে ফেলে। পরে বিরাট বিক্ষোভ মিছিল শুরু হয়। বর্তমানে গাংনী উপজেলা শহর রণক্ষেত্রে পরিণত হয়েছে।

বিস্তারিত আসছে—-

ঝিনাইদহ জেলা বিএনপি’র

প্রতিবাদ সমাবেশ

কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে ঝিনাইদহ জেলা বিএনপির আয়োজনে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি, পরিবহন খাতে ভাড়া বৃদ্ধি, সকল পণ্যের মূল্য বৃদ্ধি, সারের সংকটসহ, লোডশেডিং এবং ভোলায় বর্বরোচিত হত্যার প্রতিবাদে, ঝিনাইদহ জেলা বিএনপির উদ্দ্যোগে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

শুক্রবার জেলা প্রেস ক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সফল ছাত্রনেতা, ঝিনাইদহ ২ আসনের একাদশ জাতীয় সংসদ নির্বাচনের বিএনপি মনোনীত প্রার্থী ও ঝিনাইদহ জেলা বিএনপির বিপ্লবী সভাপতি, জননন্দিত জননেতা, আলহাজ্ব এ্যাডঃ এম. এ মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক, জনাব মোঃ আব্দুল মালেক, জেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক, জনাব মোঃ আক্তারুজ্জামান, পৌর বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক, জনাব মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সংগ্রামী সাংগঠনিক সম্পাদক, জননেতা জনাব, মোঃ সাজেদুর রহমান পপ্পু সহ জেলা উপজেলা থেকে আগত বিএনপি এবং তার অঙ্গসংগঠনের সিনিয়ার নেতৃবৃন্দ।

উক্ত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন, সাবেক যুবনেতা ও জেলা বিএনপির সংগ্রামী সাধারণ সম্পাদক, জননেতা জনাব মোঃ জাহিদুজ্জামান মনা, সঞ্চালনা করেন, ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি, জনাব এ্যাডঃ মোঃ কামাল আজাদ পান্নু।

এর আগে স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও বিএনপি’র চেয়ারপার্সন, সাবেক প্রধানমন্ত্রী আপোষহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়া’র কনিষ্ঠ পুত্র মরহুম আরাফাত রহমান কোকো’র ৫৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহ জেলা বিএনপি কার্যালয়ে ঝিনাইদহ জেলা আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেন দলটি।

ঝিনাইদহ কালীগঞ্জে স্ত্রী হত্যাকারী পাষণ্ড স্বামী আটক

ঝিনাইদহ কালীগঞ্জে পাষণ্ড স্বামী কর্তৃক স্ত্রী হত্যাকারী মতিয়ার আটক তার ভাষ্যমতে ঘরে থাকা গরু খুটা পোতা কাঠের খেটে দিয়ে মাথায় কয়েকবার আঘাত করি।

এসময় মাটিতে লুটিয়ে পড়ে। কিছুক্ষণ পর মারা গেছে বুঝতে পেরে বাড়ি ছেড়ে পালিয়ে যায়। গত ৯ অক্টোবর দিবাগত রাত ১২ টার দিকে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৬নং ত্রিলোচনপুর ইউনিয়নের চাঁদবা গ্রামে পারুল বেগম (৩৫) নামে এক গৃহবধূ হত্যাকারী স্বামী মতিয়ার রহমান এভাবেই পুলিশের কাছে জবানবন্ধি দেন।

হত্যার দুইদিন পর শুক্রবার দুপুর দুইটার দিকে যশোর সদর উপজেলা ফুলবাড়ি ইউনিয়নের লেবুতলা গ্রাম থেকে তাকে আটক করে কালীগঞ্জ থানার পুলিশ। এরপর বিকালে পুলিশ স্বামীকে নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন।

এসময় হত্যার গুরুত্বপূর্ণ আলামত উদ্ধার করে পুলিশ। সেখানে সাংবাদিকদের সাথে কথা বলেন কালীগঞ্জ থানার ওসি আব্দুর রহিম মোল্লা।

ওসি আব্দুর রহিম মোল্লা জানান, ঘটনার পর থেকে মতিয়ার রহমান পলাতক ছিল। এরপর তাকের ধরার জন্য বিভিন্ন স্থানে অভিযান চালানো হয়। শুক্রবার গোপন সংবাদে জানতে পারি, সে যশোরের লেবুতলা গ্রামে অবস্থান করছে।

সংবাদ পেয়ে সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে থেকে তাকে আটক করা হয়। নিহতের প্রতিবেশিরা জানিয়েছে, প্রায়ই মতিয়ার পারুল দম্পতির মধ্যে সংসারের নানা বিষয় নিয়ে ঝগড়া হতো। ঘ

টনার দিন রাতেও তাদের মধ্যে ঝগড়া শুরু হয়। তবে, প্রতিনিয়ত এমন ঘটনা ঘটায় প্রতিবেশিরা গুরুত্ব দেয়নি। বুধবার সকালে পারুলকে মৃত অবস্থায় ঘরের মেঝেতে পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেওয়া হয়।

পরে পুলিশ তার মরদেহ উদ্ধার করে। নিহতের সংসারে দুই মেয়ে রয়েছে। এরমধ্যে এক মেয়ে প্রতিবন্ধি ও এক মেয়ের বিয়ে হয়েছে।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় আন্তজার্তিক যুব দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তর ও ওয়েভ ফাউন্ডেশনের তত্ত্বাবধানে চুয়াডাঙ্গায় আন্তজার্তিক যুব দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা যুব উন্নয়ন ভবনের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহমেদ এর সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, যে কোনো দেশের যুব সমাজ সেই দেশের সবচেয়ে বড় শক্তি। গ্রেটা থানবার্গ থেকে শুরু করে মালালা ইউসুফজাই, এই যুব সমাজ বিশ্বজুড়ে জলবায়ু পরিবর্তন, মানবাধিকার লঙ্ঘন, এমনকি বর্তমান মহামারির মতো বিভিন্ন ঘটনায় পরিবর্তনের গুরুত্বপূর্ণ শক্তি হিসেবে কাজ করেছে। বিশ্বব্যাপী সামগ্রীক পরিবর্তন আনতে যুব সমাজের এই অবদানের জন্য প্রতি বছর এই দিনে আন্তর্জাতিক যুব দিবস পালিত হয়।

এ সময় তিনি আরও বলেন, এদেশের মুক্তি সংগ্রাম থেকে শুরু করে সকল গণতান্ত্রিক আন্দোলনে নেতৃত্ব দিয়েছে এ দেশের যুবসমাজ। শুধু তাই নয় দেশের রাজনীতি, অর্থনীতি ও সমাজকে আলোকিত করতে এই যুব সমাজের ভূমিকা অবিস্মরণীয়। যুবসমাজ এদেশের ক্রান্তিকালে সব সময় নিজেদের জীবনকে উৎসর্গ করার মধ্য দিয়ে নিজেরা যেমন হয়েছেন ইতিহাসের উজ্জ্বল স্বাক্ষী, তেমনিভাবে তাদের এই আত্মত্যাগ পরবর্তী প্রজন্মের জন্য হয়ে আছে চির অনুসরণীয়। এসময় তিনি যুব উন্নয়ন অধিদপ্তর ও ওয়েভ ফাউন্ডেশন কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উক্ত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহামেদ বলেন, কোনো দেশের উন্নয়ন করতে হলে সেই দেশের যুবকদের দক্ষ কর্মী বাহিনী হিসেবে গড়ে তুলতে হবে। যুবকদের কঠোর পরিশ্রমের মাধ্যমে দেশের উন্নয়ন সম্ভব। বর্তমান সংকটময় পরিস্থিতি সমাধান করতে যুবকদের গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে হবে।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তর ও ওয়েভ ফাউন্ডেশনের আওতাধীন ব্রিটিশ কাউন্সিল এর লিড বাংলাদেশ প্রজেক্টের তত্বাবধানে চুয়াডাঙ্গায় এই আন্তজার্তিক যুব দিবস পালন করা হয়।লিড বাংলাদেশ প্রকল্প চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের আওতাধীন যুব নেতৃত্ব বিকাশ ও নতুন যুব উদ্যোক্তা তৈরিতে কাজ করে যাচ্ছে। লিড বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে ইতিমধ্যে চুয়াডাঙ্গা ৫০০ জন যুবদের লিডারশীপ বিষয়ক ট্রেনিং সম্পন্ন করেছে।বর্তমানে তারা যুব উদ্যোক্তা তৈরি নিয়ে কাজ করছে ।

উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের উপপরিচালক জহির রায়হান, চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম, লিড বাংলাদেশ প্রোজেক্টের সমন্বয়কারী শরিফুল আলম লিটন, লিড বাংলাদেশ প্রকল্প অফিসার মাসুদুর রহমান সহ যুব উন্নয়নের বিভিন্ন ট্রেডের শিক্ষক কর্মচারী বৃন্দ ওয়েভ ফাউন্ডেশন এর যুব উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে চুরি হওয়া ২৮টি মোবাইল উদ্ধার

ঝিনাইদহ পুলিশ সুপার কার্যালয়ের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ২৮টি চুরি হওয়া ও হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার করেছে।

বৃহস্পতিবার উদ্ধারকৃত এসব ফোন প্রকৃত মালিকদের কাছে ফিরিয়ে দেওয়া হয়। এ উপলক্ষ্যে ঝিনাইদহ পুলিশ সুপার অফিসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহের পুলিশ সুপার ও সদ্য পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত ডিআইজ মুনতাসিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উদ্ধারকৃত ২৮টি ফোন মালিকদের কাছে হস্তান্তর করেন।

এ সময় ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার, সাইবার ক্রাইম ইউনিটের অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেলসহ সাইবার ক্রাইম ইউনিটের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মোবাইল ফোন বিতরণকালে পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম বলেন, খুলনা রেঞ্জের ডিআইজি ডঃ খন্দকার মহিদ উদ্দিন, বিপিএম বার এর নির্দেশনায় ঝিনাইদহ জেলায় একটি সাইবার ক্রাইম ইউনিট গঠিত হয়।

এই ইউনিট সাইবার অপরাধ দমনে সাইবার অপরাধ সম্পর্কিত বিভিন্ন কাজ করে থাকে। তারই অংশ হিসেবে জুলাই মাসে চুরি হওয়া ও হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ২৮ টি মোবাইল ফোন উদ্ধার করে, যার আনুমানিক মূল্য ছয় লাখ ত্রিশ হাজার টাকা।

আলমডাঙ্গায় সিআইজি সদস্যেদের আয়বৃদ্ধিকরণে বকনা, ষাঁড় ও ছাগী বিতরণ

ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় অওঋ-২ উপ-প্রকল্পের অধীনে সিআইজি সদস্যেদের আয়বৃদ্ধিকরণে বকনা, ষাঁড় ও ছাগী বিতরণ অনুষ্টিত হয়েছে।

উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে বৃহস্পতিবার সকাল ১০ টায় উপজেলা মঞ্চে এ অনুষ্ঠানটি অনুষ্টিত হয়।

অনুষ্ঠানে জেলা প্রাণীসম্পদ অফিসার ডা. মো: গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও ১ আসনের সংসদ সদস্য সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের এডিশনাল (এসপি) আনিসুজ্জামান লালন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন,আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, লিয়াকত আলী মোল্লা, আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, কৃষি

সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন, বীর মুক্তিযোদ্ধা জকু, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, জয়েন্ট সেক্রেটারি সাইফুল ইসলাম পিন্টু, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশাদুল হক মিকা, বেলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল, আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি।

কুষ্টিয়ায় পৃথক দুটি হত্যা মামলায় ৬ জনের যাবজ্জীবন

কুষ্টিয়ায় হোমিও ডাক্তার সানাউর রহমান হত্যা মামলায় চার জনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। একই সাথে তদের প্রত্যেককে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ১ বছরের কারাদন্ড দেয়া হয়।

বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক তাজুল ইসলাম এ রায় ঘোষনা করেন। রায় ঘোষনার সময় দন্ডপ্রাপ্ত ৪ আসামী আদালতে উপস্থিত ছিলেন। পরে তাদের পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয়।

দন্ডপ্রাপ্ত আসামীরা হলেন, কুষ্টিয়া সদর উপজেলার খাজানগর এলাকার মজিবুর রহমানের লেছে আজিজুর ইসলাম, কুবুরহাট দোস্তপাড়ার সামাদ সর্দারের ছেলে জয়নাল সর্দার, মাদ্রাসা পাড়া এলাকার আজিজুল হক খানের ছেলে সাইফুল ইসলাম খান, দৌলতপুর উপজেলার রামকৃষ্ণপুর এলাকার আব্দুর রহমান ওরফে কালা কাজীর ছেলে সাইজুজ্জিন কাজী।

কুষ্টিয়া জজ আদালতের পিপি অনুপ কুমার নন্দি এসব তথ্য নিশ্চিত করেছেন ।

মামলার এজাহার সুত্রে জানাযায়, ২০১৬ সালের ২০ মে সকাল সাড়ে ৯টার দিকে কুষ্টিয়া পৌরসভার মজমপুর এলাকার মৃত বজলুর রহমানের পুত্র হোমিও চিকিৎসক সানাউর রহমান এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা

বিভাগের সহকারী অধ্যাপক সাইফুজ্জামান মোটর সাইকেল যোগে সদর উপজেলার বটতৈল এলাকার শিশির মাঠের বাগান বাড়ীতে যাচ্ছিলো।

পথিমধ্যে অজ্ঞাত ব্যাক্তিরা তাদের মোটর সাইকেলের গতি রোধ করে দুই জন কুপিয়ে জখম করে। এতে ঘটনাস্থলেই সানাউর রহমানের মৃত্যু হয় এবং সাইফুজ্জামান গুরুত্ব আহত হন।

এই ঘটনায় সানাউর রহমানের ভাই আনিছুর রহমান বাদী হয়ে অজ্ঞাত ব্যাক্তিদের আসামী করে কুষ্টিয়া মডেল থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলায় দীর্ঘ তদন্ত শেষে দন্ডপ্রাপ্ত ওই চারজনকে অভিযুক্ত করে ২০১৭ সালের ৩০ এপ্রিল আদালতে মামলার চুড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্তকারী কর্মকর্তা কুষ্টিয়ার মডেল থানার এসআই আজিজুর রহমান।

পরে দীর্ঘ তদন্ত শেষে স্বাক্ষ প্রমানের ভিত্তিত্বে অভিযুক্ত ওই চার আসামীকে যাবজ্জীবন কারাদন্ড প্রদান করেন। এদিকে কুষ্টিয়ার কুমারখালীতে ব্যবসায়ী রিয়াজুল ইসলামকে হত্যা দায়ে চাচা ওয়াসিম আলী ও ভাতিজা সিফাত বিশ্বাসকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত।

দুপুরের দিকে কুষ্টিয়া বিশেষ জজ (জেলা ও দায়রা জজ) আদালতের বিচারক মো. আশরাফুল ইসলাম এ রায় দেন। একই সাথে তাদেরকে ১০ হাজার টাকা করে জরিমানা, অনাদায়ে আরও ছয় মাসের সশ্রম কারাদ- দিয়েছে আদালত। বিষয়টি নিশ্চিত করেছেন আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অনুপ কুমার নন্দী।

কোটচাঁদপুর ম্যানেজিং কমিটির মনোনয়নপত্র সংগ্রহ করতে গিয়ে দুই প্রার্থী লাঞ্ছিত

কোটচাঁদপুর আসাননগর-কুল্লাগাছা মাধ্যমিক বিদ্যালয়ের নির্বাচনে মনোনয়নপত্র তুলতে গিয়ে দুই প্রার্থী লাঞ্ছিত হয়েছে। এ ঘটনার

প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার বিকালে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবণে সাংবাদিক সম্মেলন করা হয়।

সাংবাদিক সম্মেলন লিখিত বক্তব্য পাঠ করেন অভিভাবক সদস্য দেলোয়ার হোসেন। তিনি বলেন, আজ দুইটার দিকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে মনোনয়নপত্র তুলতে গেলে এলাঙ্গী ইউপি চেয়ারম্যানের অনুমতি ছাড়া মনোনয়নপত্র সংগ্রহের চেষ্টার অপরাধে অকথ্য ভাষায় গালিগালাজ,শারীরিকভাবে লাঞ্চিত ও কাছে থাকা প্রযোজনীয় কাগজ পত্র জোর পূর্বক ছিড়ে ফেলে।

অপর প্রার্থী গোলাম মোস্তফাকে চেয়ারম্যান মিজানুর রহমান খান তার অস্থায়ী কার্যালয়ে ডেকে প্রাণ নাশের হুমকি দেন। এ সময় তিনি বলেন, ফরম তোলার সাহস তোকে কে দিয়েছে। প্রাণের মায়া থাকলে বাড়ী ফিরে যা। সাথে সাথে অকথ্য ভাষায় গালিগালাজও করেন।

এ ব্যাপারে চেয়ারম্যান মিজানুর রহমান খানের সাথে কথা হলে তিনি বলেন, অভিযোগ কারীদের অভিযোগ অসত্য।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, ফরম তুলতে কারো কোন বাধা নেই। যদি কেউ করে থাকে সেটি ঠিক হবে না। মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, ঘটনার সময় আমি অফিসে ছিলাম না। পরে শুনেছি। তবে আগমী ১৪ আগষ্ট মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিনে নিরাপত্তার স্বার্থে পুলিশ থাকবে।

সাংবাদিক সম্মেলনে এলাঙ্গী ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি ইউপি সদস্য আব্দুল মান্নান ও ইউনিয়ন যুবলীগের সভাপতি ইউপি সদস্য তাইজুল ইসলাম উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনকারীরা সুষ্ঠু নিরপেক্ষ ও অংশ গ্রহন মূলক নির্বাচনের জন্য প্রশাসনের সহায়তা কামনা করেছেন।

প্রসঙ্গত আগমী ২৮ আগষ্ট আসননগর-কুল্লাগাছা মাধ্যমিক বিদ্যালয়ের নির্বাচন অনুষ্ঠিত হবে। ১৪ আগষ্ট মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন।

মিরপুরে সারের দাম বেশি রাখায় ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে সারের দাম বেশি রাখায় এক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে মিরপুর উপজেলার হালসা বাজারে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, এক কৃষকের অভিযোগের ভিত্তিতে হালসা বাজারের মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকানে অভিযান চালানো হয়। ইউরিয়া সার প্রতি বস্তা ১১০০ টাকা দরে কৃষকের নিকট বিক্রি না করে অন্য ব্যবসায়ীর নিকট ১২২০ টাকা দরে বিক্রয়।

এমওপি সার ৭৫০ টাকা বস্তার পরিবর্তে ১৪০০ টাকা দরে বিক্রয় করার অপরাধে মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকান মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এই অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। অভিযানে স্যানেটারী ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।